যায়যায়দিন

তারিখ 09 JUN 2007
পৃষ্ঠা ৩ কলাম ১

# বাজেটে শিক্ষা খাতের উন্নয়নে বিভিন্ন উদ্যোগ

যাযাদি রিপোর্ট

বর্তমান কেয়ারটেকার সরকার ঘোষিত বাজেটে শিক্ষা খাতের উন্নয়নে ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। এবারো শিক্ষা খাতের বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। ২০০৬-০৭ সালে সংশোধিত বাজেটে শিক্ষার ক্ষেত্রে উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট বরাদ্দ ছিল ৫ হাজার ৭২১ কোটি ৬২ লাখ টাকা। ২০০৭-০৮ সালে এ খাতে মোট বরাদ্দ রাখা হয়েছে ৬ হাজার ৫৪৮ কোটি ৯৮ লাখ টাকা। সংশোধিত বাজেটের চেয়ে এবার প্রায় ৮২৭ কোটি টাকা বৃদ্ধি করা হয়েছে। প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ রাখা হয়েছে মোট বাজেটের ১৫.২ শতাংশ। নারী শিক্ষা প্রসারের লক্ষ্যে বিগত সরকারের নেয়া মাধ্যমিক শিক্ষায় উপবৃত্তি ও আর্থিক সহায়তা অব্যাহত রাখা হয়েছে। ২০০৭-০৮ অর্থ বছরে প্রায় ১৫ হাজার নতুন প্রাইমারি শিক্ষক নিয়োগ দেয়া হবে যার ৬০ ভাগ মহিলা। আগামী বছর ১০ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হবে।

সরকার উচ্চ শিক্ষায় গবেষণা ও বিনিয়োগের এক নতুন কর্মসূচি প্রণয়নের উদ্যোগ নিয়েছে। ভৌত বিজ্ঞান, জীব বিজ্ঞান ও গাণিতিক বিজ্ঞানগুলোর কোনো ক্ষেত্রে সরকারি বা বেসরকারি ইউনিভার্সিটিগুলোর স্বীকৃত ও সুপরিচিত বিভাগগুলো যদি তাদের জার্নালে কমপক্ষে তিনটি গবেষণা প্রবন্ধ প্রকাশ এবং একটি ইন্টারন্যাশনাল সেমিনার আয়োজন করতে পারে তবে তাদের অনুকূলে সুনির্দিষ্ট গবেষণা প্রস্তাবের ভিত্তিতে সম্পূর্ণ প্রতিযোগিতামূলক প্রক্রিয়ায় আর্থিক সহযোগিতা করার আশ্বাস দেয়া হয়েছে। এ জন্য আগামী অর্থ বছরে শিক্ষা গবেষণা অনুদান হিসেবে ১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। সর্বজনীন প্রাইমারি শিক্ষার জন্য সরকার নতুন জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। চরম দারিদ্র্য ও প্রত্যন্ত অঞ্চলে বিনামূল্যে বই ও শিক্ষা উপকরণ বিতরণেরও উদ্যোগ নিয়েছে সরকার। মসজিদ ও মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমকে জোরদার করার কথা বলা হয়েছে ঘোষিত বাজেটে। ইংরেজি ও কারিগরী শিক্ষার ওপর জোর দেয়া হয়েছে। বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের একশত ভাগ সরকারি খাত থেকে বরাদ্দ করা হবে। বাজেটে কারিগরী শিক্ষার সম্প্রসারণে নতুন পলিটেকনিক ইন্সটিটিউট, টেকনিকাল স্কুল ও কলেজ স্থাপন করার প্রস্তাব করা হয়। দেশের প্রতিটি জেলার একটি উপজেলায় একটি করে উচ্চ মাধ্যমিক মডেল বিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।